কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

**স্মারক নম্বর: ১২.০০.০০০০.০৯৭.০২.০০৪.২২.২৮৭**

তারিখ: ১২ আষাঢ় ১৪৩০
২৬ জুন ২০২৩

**বিষয় : জাতীয় বীজ বোর্ড (এনএসবি)-এর ১১০-তম সভার কার্যবিবরনী প্রেরণ।**

জাতীয় বীজ বোর্ডের চেয়ারম্যান ও কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব ওয়াহিদা আক্তার মহোদয়ের সভাপতিত্বে ২২-০৬-২০২৩ তারিখে অনুষ্ঠিত জাতীয় বীজ বোর্ড (এনএসবি)-এর ১১০-তম সভার কার্যবিবরণী অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

**সংযুক্তি :** ১১০-তম সভার কার্যবিবরণী (মন্ত্রণালয়ের ওয়েবসাইট ও সংশ্লিষ্ট ইমেইলে প্রেরণ করা হলো)।

২৬.০৬.২০২৩
মানিক চন্দ্র কর্মকার
সহকারী বীজতত্ত্ববিদ
ফোন: ৯৫৪০১২০
E-mail : ast2@moa.gov.bd

**কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
২. মহাপরিচালক, বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০;
৩. যুগ্মসচিব, গবেষণা অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০;
৪. যুগ্মসচিব, (প্রবিধি-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়;
৫. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা-১২১৫;
৬. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
৭. সদস্য পরিচালক (বীজ ও উদ্যান), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০;
৮. মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
৯. মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
১০. মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিক মিয়া এভিনিউ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
১১. মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, বাকৃবি চত্বর, ময়মনসিংহ-২২০০;
১২. মহাপরিচালক, বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা-৬৬২০;
১৩. মহাপরিচালক, ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি, সাভার, ঢাকা;
১৪. মহাপরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৫. মহাপরিচালক, বাংলাদেশ গম ও ভুট্টা গবেষণা ইনস্টিটিউট, নশিপুর, দিনাজপুর-৫২০০;
১৬. নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৭. পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়দেবপুর, গাজীপুর-১৭০১;
১৮. পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ডিএই, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫;
১৯. প্রধান, কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০২;
২০. কৃষিবিদ মুহা: আজহারুল ইসলাম, প্রাক্তন সদস্য পরিচালক (বিএডিসি), ১/বি কাশফুল, ৭/২ পশ্চিম হাজীপাড়া, রামপুরা, ঢাকা;
২১. কৃষিবিদ জনাব মো: মাসুম, চেয়ারম্যান, সুপ্রীম সীড কোম্পানি, বাড়ী নং-১০, সেক্টর-১৩, গরীবে নেওয়াজ এভিনিউ, উত্তরা, ঢাকা;
২২. জনাব মো: সানোয়ার হোসেন, গ্রাম ও ইউনিয়ন: মহিশমারা, উপজেলা: মধুপুর, জেলা: টাঙ্গাইল, কৃষক প্রতিনিধি-১;
২৩ জনাব মো: বিল্লাল হোসেন, গ্রাম: দক্ষিণ লক্ষ্মীপুর, ব্লক: বাঘারপাড়া পৌরসভা, উপজেলা: বাঘারপাড়া, যশোর, কৃষক প্রতিনিধি-২;
২৪. জনাব মো: শাহজাহান আলী, সিনিয়র সহসভাপতি, বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি, ঢাকা;
২৫. সভাপতি, বাংলাদেশ উদ্ভিদ প্রজনন ও কৌলিতত্ত্ব সমিতি;
২৬ সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সীড এসোসিয়েশন, ১৪৫, সিদ্দিক বাজার, ঢাকা-১০০০;

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, কৃষি মন্ত্রণালয় (**কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ**);
৭। অফিস কপি।

কৃষিই সমৃদ্ধি

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
কৃষি মন্ত্রণালয়, বীজ অনুবিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moa.gov.bd

## জাতীয় বীজ বোর্ড (এনএসবি) এর ১১০-তম সভার কার্যবিবরণী

**সভাপতি** : ওয়াহিদা আক্তার, সচিব, কৃষি মন্ত্রণালয়
**সভার তারিখ** : ২২ জুন ২০২৩
**সময়** : বেলা ০২.৩০টা
**স্থান** : কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ

সভাপতি সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য প্রধান বীজতত্ত্ববিদ'কে আহবান জানালে তিনি সভায় আলোচ্য বিষয়সমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**আলোচ্য বিষয় ১। জাতীয় বীজ বোর্ডের ১০৯-তম সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| জাতীয় বীজ বোর্ডের (এনএসবি) ১০৯-তম সভা ০২ মার্চ ২০২৩ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী ১৪/০৩/২০২৩ তারিখে ১০৫ নম্বর স্মারকের মাধ্যমে বোর্ডের সকল সদস্যের নিকট পাঠানো হয়। অদ্যাবধি এ ব্যাপারে কোনো মতামত পাওয়া যায়নি বিধায় কার্যবিবরণীটি নিশ্চিত করা যেতে পারে। | জাতীয় বীজ বোর্ডের ১০৯-তম সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো। |

**আলোচ্য বিষয় ২। পূর্ববর্তী সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।**

| বিষয় | পূর্ববর্তী সভার সিদ্ধান্ত | বাস্তবায়নের অগ্রগতি/সিদ্ধান্ত |
|---|---|---|
| **(২.১) আউশ মৌসুমে চাষাবাদের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের ৩টি হাইব্রিড ধানের জাত নিবন্ধন।** | আউশ মৌসুমের ৩টি হাইব্রিড ধানের জাত (১) এসিআই হাইব্রিড ধান১৪ (Qyou6) (২) এসিআই হাইব্রিড ধান১৫ (AH3) এবং (৩) মাহিকো হাইব্রিড ধান৬ (RXEL-35) পরবর্তী আউশ মৌসুমে বিভিন্ন অঞ্চলে অনফার্ম ও অনস্টেশন ট্রায়াল সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো। | পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি জানান যে, ট্রায়াল সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে আবেদন পাওয়া যায়নি বিধায় চলতি মৌসুমে ট্রায়াল বাস্তবায়ন করা সম্ভব হয়নি। আবেদন পাওয়া গেলে আগামী আউশ মৌসুমে ট্রায়াল বাস্তবায়ন করা যাবে।<br><br>**সিদ্ধান্ত** : আউশ মৌসুমের ৩টি হাইব্রিড ধানের জাত (১) এসিআই হাইব্রিড ধান১৪ (Qyou6) (২) এসিআই হাইব্রিড ধান১৫ (AH3) এবং (৩) মাহিকো হাইব্রিড ধান৬ (RXEL-35) পরবর্তী আউশ মৌসুমে বিভিন্ন অঞ্চলে অনফার্ম ও অনস্টেশন ট্রায়াল সম্পন্ন করার বিষয়ে জাতীয় বীজ বোর্ডের সিদ্ধান্ত পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো। |
| **(২.২) 'Seed Without Borders' প্রটোকল এর আওতায় ভারতীয় পাটের জাত 'জেআরও-৫২৪' আমাদের দেশে ছাড়করণ।** | এ বিষয়ে সময় সময় ভারতের, Ministry of Agriculture & Farmers' Welfare-এ যোগাযোগ করার জন্য বিএডিসি'কে অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, বিএডিসি জানান আমরা নিয়মিত যোগাযোগ রক্ষা করছি। ভারত হতে 'জেআরও-৫২৪' এর প্রজনন বীজ জুলাই মাসের ১ম সপ্তাহে পাওয়া যেতে পারে। |

| | | |
|---|---|---|
| **(২.৩) ২০২৩-২৪ পাট উৎপাদন মৌসুমের জন্য পাটবীজ আমদানি।** | (১) ডিএই'র চাহিদা অনুযায়ী ২০২৩-২৪ উৎপাদন মৌসুমে ৪,৬০০ মে.টন তোষা পাট বীজ এবং ৫৭৬ মে.টন মেস্তা/কেনাফ বীজ আমদানির সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(২) মানসম্পন্ন পাটবীজ কৃষক পর্যায়ে সরবরাহের লক্ষ্যে মার্কেট মনিটরিং জোরদার করার জন্য বীজ প্রত্যয়ন এজেন্সিকে নির্দেশনা প্রদান করা হয়। | পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই জানান যে, চলমান পাট উৎপাদন মৌসুমে ভারত হতে তোষাপাট, মেস্তা ও কেনাফসহ মোট ৪,৪৪৪ মে.টন পাট বীজ আমদানি হয়েছে। |

**আলোচ্য বিষয় ৩: আমন মৌসুমে চাষাবাদের জন্য বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রস্তাবিত ০১(এক)টি ইনব্রিড ধানের জাত ছাড়করণ।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) কর্তৃক প্রস্তাবিত বিনাধান২৬ এর কৌলিক সারি IR57515 PMI-8-1-1-SRN-1-1 হরি-ফিলিপাইন হতে সংগ্রহ করা হয়। সারিটি প্রজনন প্রক্রিয়ায় পরীক্ষা নিরীক্ষা ও দেশের বিভিন্ন অঞ্চলে আমন মৌসুমে ফলন পরীক্ষায় চেক জাত ব্রি ধান৪৯ হতে ফলন বেশি হওয়ায় জাত হিসাবে চূড়ান্তভাবে নির্বাচন করে ২০২২-২৩ সালে বীজ প্রত্যয়ন এজেন্সির তত্ত্বাবধানে বাংলাদেশের ১০(দশ) টি স্থানে মাঠ মূল্যায়নে ৭টি স্থানে (২টি অনস্টেশন ও ৫টি অনফার্ম) ফলন চেক জাতের চেয়ে ১০% বেশি পাওয়া যায়। জাতটির গড় জীবনকাল ১২৭দিন এবং ফলন ৫.৮৩দিন; আলোক অসংবেদনশীল জাত; পূর্ণ বয়স্ক গাছের গড় উচ্চতা ১১০ সে.মি.; ধানের দানা লম্বা চিকন; ১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২২.৭১ গ্রাম; প্রোটিনের পরিমান ৯.৪%; এ্যামাইলোজের পরিমান ২৬.৪%; বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর Distinctness, Uniformity and Stability (DUS) পরীক্ষায় প্রস্তাবিত জাতটিতে Time of heading (50% of plants with heads), Culm diameter, Culm: Length, Panicle: number of effective tillers in plant, Time of maturity, Grain: weight of 1000 fully developed grains (at 12%), Grain: length (without dehulling), Decorticated grain: length (After dehulling, before milling) এবং Decorticated grain: shape (Length-breadth ratio) এই ৯টি স্বাতন্ত্র্য বৈশিষ্ট্যে পাওয়া যায়। জাতটি আমন মৌসুমে ছাড়করণের জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে। | কারিগরি কমিটির সুপারিশকৃত ধানের কৌলিক সারি IR57515 PMI-8-1-1-SRN-1-1 আমন মৌসুমে বিনা ধান২৬ হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের অনুমোদন দেয়া হলো। |

**আলোচ্য বিষয় ৪: আমন মৌসুমে চাষাবাদের জন্য এসিআই কর্তৃক প্রস্তাবিত জিংক সমৃদ্ধ ০১(এক)টি ইনব্রিড ধানের জাত ছাড়করণ।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| এসিআই লিমিটেড কর্তৃক ২০১৬ সালে IRRI philippines এর segregation population থেকে আদি কৌলিক সারি IR102481-BK-BK IRRI সংগ্রহ করার পর ২০১৭ সাল থেকে ২০১৯ সাল পর্যন্ত এসিআই এর নিজস্ব গবেষণা মাঠে Pedigree | (১) কারিগরি কমিটির সুপারিশকৃত ধানের কৌলিক সারি IR102481-BK-BK- |

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| selection এর মাধ্যমে সিলেকশন করে কৌলিক সারি IR102481-BK-BK-ACI 28-3-1 উদ্ভাবন করে উক্ত অগ্রবর্তী লাইনটি ২০২০ এবং ২০২১ সালে অনস্টেশন সহ ৩টি কৃষকের জমিতে ফলন উপযোগিতা যাচাই করে পরপর ২ বছরেই প্রচলিত জাত ব্রি ধান৬২ এর চেয়ে ফলন সন্তোষজনক হওয়ায় কৌলিক সারিটি জাত হিসেবে চূড়ান্তভাবে নির্বাচন করা হয়। এবং ২০২২-২৩ সালে বীজ প্রত্যয়ন এজেন্সির তত্ত্বাবধানে দেশের ১০ (দশ) টি স্থানে মাঠ মূল্যায়ন করা হয়। ১০টি স্থানেই (৪টি অনস্টেশন ও ৬টি অনফার্ম) ফলন চেক জাতের চেয়ে ১০% বেশি পাওয়া যায়। প্রস্তাবিত জাতটির গড় ফলন ৫.০৭, জীবনকাল ১০৯দিন; অধিকমাত্রায় জিঙ্ক সমৃদ্ধ, জিঙ্কের পরিমাণ ২৪.৮ মিগ্রা/কেজি; ধান পাকার পরও ডিগ পাতা সতেজ থাকে; পূর্ণবয়স্ক গাছের উচ্চতা ১০২-১০৫ সে.মি.; এ জাতের ধান ব্রি ধান৬২ এর চেয়ে সামান্য ছোট; প্রোটিনের পরিমান ৮.২%; ১০০০টি পুষ্ট ধানের ওজন প্রায় ২১.১৩ গ্রাম; এ্যামাইলোজের পরিমান ২৫.১২%। উল্লেখ্য, বীজ প্রত্যয়ন এজেন্সির কন্ট্রোল ফার্মে প্রস্তাবিত জাতের পর পর দুই বছর Distinctness, Uniformity and Stability (DUS) পরীক্ষায় চেক জাত ব্রি ধান৬২ হতে প্রস্তাবিত জাতটিতে Culm diameter, Culm: Length, Panicle: number of effective tillers in plant, Grain: weight of 1000 fully developed grains (at 12%), Decorticated grain: length (After dehulling, before milling) Leaf senescence, Decorticated, unpolished grain: color এবং Endosperm: content of amylose এই ৮টি বৈশিষ্ট্যে স্বাতন্ত্র্য পাওয়া যায়। আমন মৌসুমে স্বল্প জীবনকাল এবং অধিক মাত্রায় জিঙ্ক সমৃদ্ধ হওয়ায় কারিগরি কমিটি কর্তৃক জাতটিকে এসিআই ধান১ হিসেবে ছাড়করণের জন্য সুপারিশ করেছে। | ACI 28-3-1আমন মৌসুমে এসিআই ধান১ হিসেবে সারাদেশে চাষাবাদের নিমিত্ত ছাড়করণের অনুমোদন দেয়া হলো।<br><br>(২) জাতীয় বীজ বোর্ডের সভায় ফসলের জাত ছাড়করণের বিষয়ে উক্ত জাতের তথ্য সরবরাহের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিশেষজ্ঞ প্রতিনিধিকে সভায় আমন্ত্রণ জানানোর সিদ্ধান্ত গৃহীত হলো। |

**আলোচ্য বিষয় ৫: ফসলের জাত মূল্যায়নের জন্য আঞ্চলিক মাঠ মূল্যায়ন দল পুনর্গঠন।**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| জাতীয় বীজ বোর্ড-এর ৮৫তম সভায় অতিরিক্ত পরিচালক, ডিএই'কে দলনেতা এবং আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, এসসিএ'কে সদস্য সচিব করে ৭(সাত) সদস্য বিশিষ্ট মাঠ মূল্যায়ন দল পুনর্গঠিত হয়। বর্তমানে মূল্যায়ন দলের সার্বিক কাজ সম্পাদন/বাস্তবায়ন করেন 'জেলা বীজ প্রত্যয়ন অফিসার'। তাই মাঠ মূল্যায়ন দলের সদস্য সচিব হিসেবে 'আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার' এর পরিবর্তে 'জেলা বীজ প্রত্যয়ন অফিসার' কে করার জন্য কারিগরি কমিটি সুপারিশ করেছে এবং 'আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার'কে সদস্য হিসেবে রাখার অনুরোধ করা হয়েছে। | ফসলের জাত মূল্যায়নের জন্য 'আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার' এর পরিবর্তে 'জেলা বীজ প্রত্যয়ন অফিসার' কে সদস্য সচিব করে নিম্নবর্ণিতভাবে আঞ্চলিক মাঠ মূল্যায়ন দল পুনর্গঠন করা হলো। যথা- (১) অতিরিক্ত পরিচালক, ডিএই - দলনেতা; (২) আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, এসসিএ - সদস্য; (৩) উপপরিচালক (বীজ বিপণন), বিএডিসি-সদস্য; (৪) কীটতত্ত্ববিদ (নিকটবর্তী NARS প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ফসলের অভিজ্ঞ প্রতিনিধি)-সদস্য; (৫) রোগতত্ত্ববিদ (নিকটবর্তী NARS প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ফসলের অভিজ্ঞ প্রতিনিধি) – সদস্য; (৬) প্রজননবিদ (নিকটবর্তী NARS প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট ফসলের অভিজ্ঞ প্রতিনিধি) -সদস্য; (৭) জেলা বীজ প্রত্যয়ন অফিসার, এসসিএ, সংশ্লিষ্ট জেলা-সদস্য সচিব |

**আলোচ্য বিষয় ৬: বিবিধ আলোচনা।**

বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি'র প্রতিনিধি জনাব মো: শাহজাহান আলী সভায় জানান যে, ১৯৭৩ সালে জাতীয় বীজ বোর্ডের ১ম সভা অনুষ্ঠিত হয়। সে হিসেবে ২০২৩ সাল হচ্ছে জাতীয় বীজ বোর্ডের ৫০তম পূর্তি (গোল্ডেন জুবিলী)। তিনি আরও জানান যে, বাংলাদেশে হাইব্রিড ধান প্রথম ছাড়করণ করা হয় ১৯৯৮ সালে, সে হিসেবে বাংলাদেশের হাইব্রিড ধানের সূচনালগ্ন হতে ২০২৩ সাল পর্যন্ত ২৫ বছর বা সিলভার জুবিলী অতিক্রম করছি। সভাপতি জাতীয় বীজ বোর্ডের গোল্ডেন জুবিলী স্মরণ এবং হাইব্রিড ধানের সূচনালগ্ন থেকে এ পর্যন্ত সিলভার জুবিলী স্মরণ করার জন্য জনাব শাহজাহান আলী'কে ধন্যবাদ জ্ঞাপন করেন।

পরিশেষে, সভাপতি সভায় মূল্যবান মতামত প্রদানের জন্য সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**ওয়াহিদা আক্তার**
সচিব
কৃষি মন্ত্রণালয়

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বীজ অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
www.moa.gov.bd

## জাতীয় বীজ বোর্ডের ১১০তম সভায় উপস্থিত বোর্ডের সদস্যদের স্বাক্ষরের তালিকা
## (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

**সভার তারিখ** : ২২ জুন ২০২৩; সময় : দুপুর ০২:৩০টায়
**স্থান** : সম্মেলন কক্ষ, কৃষি মন্ত্রণালয়
**সভাপতি** : সচিব, কৃষি মন্ত্রণালয়

| ক্রম | বোর্ডের সদস্যদের নাম | পদবী ও প্রতিষ্ঠান | মোবাইল ও ইমেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | জনাব আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি | চেয়ারম্যান<br>বিএডিসি | | |
| ২ | জনাব মো: আবু জুবাইর হোসেন বাবলু | মহাপরিচালক<br>বীজ অনুবিভাগ<br>কৃষি মন্ত্রণালয় | | |
| ৩ | জনাব রেহানা ইয়াছমিন | যুগ্মসচিব<br>গবেষণা অনুবিভাগ<br>কৃষি মন্ত্রণালয় | | |
| ৪ | ড. শেখ মোহাম্মদ বখতিয়ার | নির্বাহী চেয়ারম্যান<br>বিএআরসি | | |
| ৫ | জনাব বাদল চন্দ্র বিশ্বাস | মহাপরিচালক<br>ডিএই | 01718019605 | |
| ৬ | জনাব হায়াত মো: ফিরোজ | উপসচিব (প্রবিধি-১)<br>অর্থ বিভাগ<br>অর্থ মন্ত্রণালয় | | |
| ৭ | জনাব মো: মোস্তাফিজুর রহমান | সদস্য পরিচালক<br>বীজ ও উদ্যান<br>বিএডিসি | ০২৯৯১১১১১৫৪৮<br>md seed@badc.gov.bd | ২২/০৬/২০২৩ |
| ৮ | ড. মো: আবুল খায়ের | মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা<br>(মহাপরিচালক, বারি প্রতিনিধি) | 01914661301<br>khayer66@gmail.com | ২২/০৬/২৩ |
| ৯ | ড. মো: শাহজাহান কবীর | মহাপরিচালক<br>ব্রি | 01712280083 | 22/6/2023 |

| ক্রম | বোর্ডের সদস্যদের নাম | পদবী ও প্রতিষ্ঠান | মোবাইল ও ইমেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১০ | ড. নার্গীস আক্তার | পরিচালক, কৃষি উইং (মহাপরিচালক বিজেআরআই প্রতিনিধি) | | |
| ১১ | ড. মির্জা মোফাজ্জল ইসলাম | মহাপরিচালক বিনা | 01716-280720 dg@bina.gov.bd | |
| ১২ | ড. মো. ওমর আলী | মহাপরিচালক বিএসআরআই | | |
| ১৩ | ড. মো. সলিমুল্লাহ | মহাপরিচালক এনআইবি | 01738999993 dgnibbd@gmail.com | 22/06/2023 |
| ১৪ | জনাব মো: ছাব্বির হোসেন<br>মো: আব্দুল হালিম | মহাপরিচালক এসআরডিআই<br>সিএসও, এসআরডিআই | 01716286363 halimsrdi68@gmail.com | |
| ১৫ | ড. গোলাম ফারুক | মহাপরিচালক বিডাব্লিউএমআরআই | | |
| ১৬ | ড. মো: ফখরে আলম ইবনে তাবিব | নির্বাহী পরিচালক সিডিবি | 01711227054 tabibfai@gmail.com ed@cdb.gov.bd | |
| ১৭ | ড. আক্কাস মাহমুদ | পরিচালক (রুটিন দায়িত্ব) এসসিএ | 01815846059 director@sca.gov.bd | 22.6.2023 |
| ১৮ | ড. মো: রেজাউল করিম | পরিচালক উদ্ভিদ সংগনিরোধ উইং ডিএই | 01733719542 Kbdmrezkarim@gmail.com | 22.06.23 |
| ১৯ | ড. জিএইচএম সাগর | প্রধান কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন বিভাগ, বাকৃবি | | |
| ২০ | কৃষিবিদ মুহা: আজহারুল ইসলাম | বীজ বিশেষজ্ঞ ও সাবেক সদস্য পরিচালক, বিএডিসি | ০১৭১২-৫৫৮২২৭ azharulislam.badc@gmail.com | 22/6/23 |
| ২১ | কৃষিবিদ মো: মাসুম | কোম্পানি প্রতিনিধি ও চেয়ারম্যান, সুপ্রীম সীড কোম্পানী, উত্তরা, ঢাকা | | |
| ২২ | জনাব মো: সানোয়ার হোসেন | কৃষক প্রতিনিধি-১ মহিশমারা, মধুপুর, টাঙ্গাইল | 01718-068933 agrifarm16@ gmail. | |

| ক্রম | বোর্ডের সদস্যদের নাম | পদবী ও প্রতিষ্ঠান | মোবাইল ও ইমেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ২৩ | জনাব মো: বিল্লাল হোসেন | কৃষক প্রতিনিধি-২<br>দক্ষিণ লক্ষ্মীপুর, বাঘারপাড়া পৌরসভা, যশোর | | |
| ২৪ | ড. মো: শাহজাহান আলী | সভাপতি/সাধারণ সম্পাদক<br>বাংলাদেশ সোসাইটি অব সীড টেকনোলজি | 01730013391<br>alliedmsali@yahoo.com | [signature] 22/6/2023 |
| ২৫ | প্রফেসর ড. মো: হারুন-উর-রশিদ | ~~সভাপতি~~/সাধারণ সম্পাদক<br>বাংলাদেশ উদ্ভিদ প্রজনন ও কৌলিতত্ত্ব সমিতি | 01712612417<br>sumonsau@gmail.com | [signature] 22/6/2023 |
| ২৬ | | সভাপতি/সাধারণ সম্পাদক<br>বাংলাদেশ সীড এসোসিয়েশন<br>১৪৫, সিদ্দিক বাজার, ঢাকা | | |
| ২৭ | ড. নার্গিস আক্তার<br>পরিচালক (কৃষি) | বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট<br>ঢাকা | 01552413112<br>drnargisbjri@gmail.com | [signature] 22.06.2023 |
| ২৮ | মোহাম্মদ এনামুল হক [illegible]<br>উপপরিচালক (বিএডিসি) | উপপরিচালক<br>(মান নিয়ন্ত্রণ) [illegible] | ০১৭২০৬৯০৯৯৭<br>rabbidae@gmail.com | |
| ২৯ | ড. মো: মোমিনুল ইসলাম | [illegible], সিডিবি | 01716330802<br>mominulcdb@gmail.com | [signature] 22.6.23 |
| ৩০ | ড. শামছুন্নাহার বেগম<br>[illegible] | [illegible]<br>বিনা | 01716280721<br>sbluna98@yahoo.com | [signature] 22/6/2023 |
| ৩১ | ড. শাহ মো: মনির হোসেন<br>মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা | বিএআরসি | 01712536925<br>monirsmh@yahoo.com | [signature] 22/6/23 |
| ৩২ | এ. কে. এম. হুমায়ুন কবির<br>এমডি, সুপ্রীম সীড কোং লি. | সাধারণ সম্পাদক<br>[illegible] | 01713009598<br>KABIR@SUROVIGROUP.COM | [signature] 22/6/23 |
| ৩৩ | ড. মো. আবদুল আউয়াল<br>[illegible] | [illegible] | 01713-516217<br>maawal70@gmail.com | [signature] 22/6/23 |
| ৩৪ | | | | |
| ৩৫ | | | | |